

# আলিম পরীক্ষায় শেখ মুজিবকে নিয়ে প্রশ্ন, তদন্তে ৪ সদস্যের কমিটি

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৭:৩২, ১ জুলাই ২০২৫; আপডেট: ১৭:৩৪, ১  
জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত।

চলতি বছরের আলিম পরীক্ষায় বাংলা প্রথমপত্রে শেখ মুজিবুর  
রহমানকে নিয়ে করা একটি প্রশ্ন ঘিরে বিতর্কের সৃষ্টি হয়েছে।  
মঙ্গলবার (১ জুলাই) এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বাংলা বিষয়ের বহুনির্বাচনী প্রশ্নপত্রে ‘ভরসা হলো, আর দমাতে পারবো না’- শেখ মুজিবের এ বক্তব্যকে উদ্ধৃত করে প্রশ্নটি করা হয়েছে। বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে, যা নিয়ে চলছে তুমুল আলোচনা-সমালোচনা।

প্রশ্নপত্র ঘেঁটে দেখা যায়, ১৫ নম্বর প্রশ্নে উল্লেখ রয়েছে ‘ভরসা হলো, আর দমাতে পারবে না।’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এ ভরসা হওয়ার কারণ? প্রশ্নের উত্তরের অপশনগুলোর মধ্যে বলা হয় ‘(ক) বাঙালি বুঝেছে তাদের মুখের ভাষা কেড়ে নিতে চায় (খ) একুশে ফেরুয়ারি গুলি হওয়ার খবরে সারা দেশে হরতাল হয়েছে (গ) ফরিদপুরে রাজবন্দীর মুক্তি চেয়ে স্লোগান হওয়ায় এবং (ঘ) বঙ্গবন্ধুকে জেল থেকে মুক্তি দেওয়ায়।

- বাংলালি জাতির কাছে মজলুম জনসেতা হিসেবে প্রাচীত মাওলানা আঙ্গুল হামিদ খান ভাসানী। প্রিটিশ বিরোধী আঙ্গুলান, কৃষক আঙ্গুলান, মুক্তিষ্ট সরকার, সর্বশেষ ১৯১১ সালে মুক্তি আঙ্গুলানে শরিফ ছিলেন তিনি। হামলা-মামলা, হুকি-ধূকি, জেল-জরিমানা সহ করেও তিনি বাংলালির অধিকার আঙ্গুলান থেকে শিছপা হলনি।
- ১৩। উদ্বীপ্তের মাঝানানা ভাসানীর চরিত্রের সাথে 'বিদ্রোহী' কবিতার কোন চরিত্রের মিল রয়েছে?
- (ক) আর্থি মানিনাকে কেন আইন  
 (খ) আর্থি চৰ-বিদ্রোহী বীর  
 (গ) আর্থি বিদ্রোহ-বাহী নিখিল অধিল ব্যাপিয়া  
 (ঘ) আর্থি সেই দিন হব শাস্ত
- ১৪। মাওলানা ভাসানীর মধ্যে 'বিদ্রোহী' কবিতায় প্রতিফলিত দিক—
- i. বিদ্রোহ  
 ii. বন্দেশেম  
 iii. আত্ম-ত্যাগ
- নিচের কোটি সঠিক?
- (ক) i ও ii  
 (খ) ii ও iii  
 (গ) i ও iii  
 (ঘ) i, ii ও iii
- ১৫। 'ভাসা হলো, আর দমাতে পারবে না'। বঙবন্ধু শেখ মুজিবুর রহমানের এই ভাসা হওয়ার কারণ—
- (ক) নাচালি বুকাচ্ছ জাতের মুসলিম আশা কেড়ে নিচে চায়  
 (খ) একুশে মেন্দুয়ারি গুলি হওয়ার ব্যবে সারাদেশে হরতাল হয়েছে  
 (গ) ফরিদপুরে রাজবাসিদের মুক্তি দেয়ে জ্বাগান হওয়ায়  
 (ঘ) বঙবন্ধুকে জেল থেকে মুক্তি দেওয়ায়
- ১৬। স্থানক আবুল ফজল কাসের মাধ্যমে মানব মর্যাদাকে স্ফুল করা হয় বলে মনে করেন?
- (ক) দান  
 (খ) ডক্টা  
 (গ) উপহাস  
 (ঘ) তুচ্ছ-তাত্ত্বিক
- (ক) বিদ্রোহীর কাছে  
 (খ) পুরুষীর কাছে  
 (গ) পুরুষীর কাছে  
 (ঘ) বিবেকের কাছে
- ২১। 'প্রতিদিন' কবিতায় কবি জসীম উদ্দীন বুক ভরা গান যার জন্যে গেয়েছেন—
- (ক) যে মেলজ করছে পুর  
 (খ) যে বিদে ভরা বান মেরেছে  
 (গ) যে কবির বুকে আঘাত করেছে  
 (ঘ) যে কবির ঘর ভঙ্গিয়াছে
- ২২। 'অবশিষ্ট সৈন্যগণ কারবালা পার্শ্বস্থ বিজন বনমধ্যে প্রাইমা গোপ' কেবা  
 (ক) প্রাণ রক্ষার জন্য  
 (খ) ইমাম হাসানকে সম্মান করে  
 (গ) প্রাকৃতিক দৃশ্য অবলোকনের জন্য  
 (ঘ) সৈন্যদের শিবির নির্মাণের জন্য
- ২৩। 'কতকাল পরে বাবা, মনে পত্তল দেশের কথা?' 'আহবান' গানে এই উক্তিটি কে করেছিলেন?
- (ক) গঞ্জকথক  
 (খ) পৰাশ সন্দৰ  
 (গ) খড়ো মশায়  
 (ঘ) চক্রোতি মশায়
- ২৪। সে গ্যাঙের একজন সক্রিয় সদস্য। 'রেইনকোট'
- গানে গ্যাং বলতে বেবাবানে হয়েছে—
- (ক) বালুকের সময় লাটপটিকীর  
 (খ) সক্রিয় মুক্তিযোদ্ধাদের  
 (গ) কলেজের প্রশঞ্জকমঙ্গল  
 (ঘ) গাড়ির প্যাসেঞ্জার
- ২৫। 'সুখ' কবিতায় কবি আত্মসংস্কৃতে বলেছেন—
- (ক) দীনপুঁতীর বৃথা দূর করার মাঝে  
 (খ) ধৰ্মান্তর বিষয়ে দেওয়ার মাঝে  
 (গ) আমিত্তকে বিসজ্জন দেওয়ার মাঝে  
 (ঘ) কাগড়া-বিদ্যা বিটানোর মাঝে
- ২৬। মৃত্যুঞ্জয় বিলাসীর হাতের কী খেয়ে পাপ করেছিল?
- (ক) পাঁচাল চাহচা  
 (খ) মুরগী

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড সূত্র জ্ঞানায়, প্রশ্নটি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রকাশিত মূল পাঠ্যবই থেকে নেওয়া হয়েছে। পাঠ্যবইয়ে এখনো ওই অংশ বিদ্যমান থাকায় উদ্দেশ্যপ্রণোদিতভাবে তা কেউ প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত করেছে।

মাদরাসা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, প্রশ্নপত্রের বিষয়টি জেনেছি। এ নিয়ে চার সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। সেখানে আমিও আছি। ৭ দিনের মধ্যে তদন্ত শেষ করে প্রতিবেদন জমা দেওয়া হবে। যারা এ প্রশ্নপত্র প্রণয়নে জড়িত তাদের বহিষ্কার করা হবে।

তিনি আরও বলেন, এনসিটিবির বাংলা পাঠ্যবইয়ে এখনো বঙ্গবন্ধু  
শেখ মুজিবুর রহমানের বিষয়টি রয়েছে। যিনি এ কাজটি  
করেছেন, তিনি উদ্দেশ্যপ্রণোদিতভাবে করেছেন।

---